



ডিএমডি সার্কুলার নং-০১

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

৪ ফেব্রুয়ারি, ২০১৬

তারিখ : -----

২২ মাঘ, ১৪২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

## বাংলাদেশ সরকার ইসলামী বিনিয়োগ বন্ড এর জন্য প্রবর্তিত ইসলামী বন্ড সিস্টেম ব্যবহার প্রসঙ্গে।

বাংলাদেশ সরকার ইসলামী বিনিয়োগ বন্ড (ইসলামী বন্ড) এর বিনিয়োগ কার্যক্রমকে গতিশীল ও আধুনিক করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ইসলামী বন্ড সিস্টেম (আইবিএস) প্রবর্তন করা হয়েছে। উক্ত সিস্টেমে ইসলামী বন্ডের ডিপোজিটরি, নিলামে বিড দাখিলের জন্য অনলাইন প্ল্যাটফর্ম, ইসলামী বন্ড ইস্যু, মেয়াদপূর্তিতে আসল পরিশোধ, মুনাফা বন্টন এবং ইসলামী বন্ড ফান্ড হতে তহবিল গ্রহণের সুবিধা অন্তর্ভুক্ত রয়েছে। ইসলামী বন্ড সিস্টেমের ডিপোজিটরিতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত ISIN (International Securities Identification Number) অনুসারে সকল ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান ও অন্যান্য বিনিয়োগকারীদের ধারণকৃত ইসলামী বন্ডের স্থিতি সংরক্ষিত থাকবে। আইবিএস সিস্টেমের মাধ্যমে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ ইসলামী বন্ড ক্রয় ও ইসলামী বন্ড ফান্ড হতে তহবিল গ্রহণ সম্পর্কিত কার্যক্রম সম্পাদন করতে পারবে। ইসলামী বন্ড সিস্টেমের User Guidelines বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট হতে সংগ্রহ করা যাবে।

এতদপ্রেক্ষিতে ইসলামী বন্ড ক্রয় সংক্রান্ত কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে ইসলামী বন্ডে বিনিয়োগকারীদের ক্রীপ ব্যবহারের পরিবর্তে সিস্টেম হতে প্রাপ্ত System Generated Advice ব্যবহার করার নির্দেশনা প্রদান করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আওলাদ হোসেন চৌধুরী)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০১৩১

ই-মেইল: awlad.hossain@bb.org.bd